ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৮৩

ছৈলেংটা, ২৬ সেপ্টেম্বর, ২০২৫

**ছৈলেংটায় পন্ডিত দীনদয়াল উপাধ্যায় জন্মজয়ন্তী পালিত**

রাজ্যের অন্যান্য মহকুমার পাশাপাশি ছৈলেংটা মহকুমায়ও গতকাল যথাযথ মর্যাদায় পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী পালন করা হয়। লংতরাইভ্যালি গভর্মমেন্ট ডিগ্রি কলেজের কনফারেন্স হলে আয়োজিত এই অনুষ্ঠানে ছৈলেংটা মহকুমা শাসক কার্যালয়ের ডিসিএম দীপক চন্দ্র শর্মা, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বরুণ ত্রিপুরা, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক সিদ্ধার্থ দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অতিথিগণ পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জীবন ও দর্শন নিয়ে আলোচনা করেন। এছাড়াও বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা দেশাত্মবোধক গান ও নৃত্য পরিবেশন করেন।

******